

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
কৃষি কমিটি (জমি, পুকুর, বাগান ও বৃক্ষায়ণ)

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/প্রশা:/কৃষি কমিটি/২০২৩-২০২৪/৫৩

তারিখ: ২৭/০৮/২০২৪

বিজ্ঞপ্তি

এতদ্বারা নিম্নলিখিত শর্তসাপেক্ষে দিনাজপুর সরকারি কলেজের ২০২৩-২০২৪ অর্থবছরের মৌসুমী ফলের গাছসমূহের ফল ক্রয়ের জন্য আত্মস্বী দরদাতাদের নিকট থেকে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দিনাজপুর সরকারি কলেজের মূল ক্যাম্পাসের আম, কাঁঠাল ও লিচু গাছের ফলসমূহ এই দরপত্রের আওতাভুক্ত হবে। মসজিদ, হোস্টেলসমূহের সীমানা প্রাচীরের ভিতরে এবং প্রধান হোস্টেল সংলগ্ন পশ্চিম পার্শ্বের ০১ (এক) টি কাঁঠাল গাছ দরপত্রের আওতার বহির্ভূত থাকবে।

ক-অংশ দরপত্র
মৌসুমী ফলের গাছের তালিকা-


ক্র: নং	গাছের নাম
১	আম
২	কাঁঠাল
৩	লিচু

খ-অংশ

দরপত্রের অন্যান্য শর্তাবলী

- সিডিউল ক্রয়ের সময় ব্যক্তিগত ট্রেড লাইসেন্সের সার্টিফিকেট দেখিয়ে অধ্যক্ষ বরাবর সিডিউল ক্রয়ের লিখিত আবেদন করতে হবে। নিম্নস্বাক্ষরকারী/নিম্নস্বাক্ষরকারীর প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষরিত আবেদনপত্রসহ উল্লিখিত কাগজপত্রের সত্যায়িত কপি টেন্ডারের সাথে জমা দিতে হবে।
- অধ্যক্ষের অনুমতিপ্রাপ্তির পর কলেজ ক্যাশ শাখা হতে নীল রংয়ের রশিদ নিয়ে "সাউথইস্ট ব্যাংক লিমিটেড, (কলেজ ক্যাম্পাস বুথ, বিজ্ঞান ভবন), সুইহারী, দিনাজপুর" এ সিডিউল ক্রয়ের টাকা জমা দিতে হবে। উল্লেখ্য, প্রতিসেট সিডিউলের মূল্য ৩০০/- (তিনশত) টাকা।
- সিডিউল প্রাপ্তির স্থান: অধ্যক্ষের কার্যালয়, ক্যাশ শাখা, দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর।
- সিডিউল ক্রয়ের তারিখ ও সময়: ২৫/০৮/২০২৪ হতে ০৬/০৫/২০২৪ তারিখ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ১০:০০ টা হতে দুপুর ০২:০০ টা পর্যন্ত)।
- টেন্ডার জমাদানের স্থান: অধ্যক্ষের কার্যালয়, দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর-এ রক্ষিত নির্দিষ্ট ব্যাল্ডে।
- টেন্ডার জমাদানের শেষ সময়: ০৬/০৫/২০২৪ তারিখ দুপুর ১২:০০ টা পর্যন্ত।
- টেন্ডার খোলার সময়: ০৬/০৫/২০২৪ তারিখ দুপুর ১২:৩০ মিনিট।
- দরপত্র খোলার সময় ইচ্ছা করলে দরপত্রদাতাগণ নিজে বা তাঁদের প্রতিনিধিগণ উক্ত সময়ে উপস্থিত থাকতে পারেন।
- প্রতিটি দরপত্রের সহিত আনুষ্ঠানিক মানি দরপত্রের উল্লিখিত টাকার ২.৫% টাকা হারে ব্যাংক (যে কোন সরকারি তফসীলি ব্যাংক) ড্রাফটের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হবে।
- টেন্ডারপ্রাপ্ত প্রতিষ্ঠান/সংস্থাকে কার্যদেশ পাওয়ার পূর্বে ব্যাংক ড্রাফটের মাধ্যমে প্রাক্কলিত টাকার ১০% সিকিউরিটি মানি অধ্যক্ষের বরাবরে জমা দিতে হবে। সিকিউরিটি মানি জমাদানে ব্যর্থ হলে ২য় সর্বোচ্চ টেন্ডারদাতা প্রতিষ্ঠান/সংস্থাকে কার্যদেশ দেয়া হবে। ফল আহরণ শেষ না হওয়া পর্যন্ত সিকিউরিটি মানি জমা থাকবে। ফল আহরণকালে ফল গাছের ডালপালা বা গাছসমূহের কোন প্রকার ক্ষতি হলে ক্ষতি পূরণের অর্থ সিকিউরিটি মানি হতে কর্তন করা হবে।
- সরকারি নিয়ম অনুযায়ী মৌসুমী ফলের মূল্য ভ্যাট ১০% ও ২% আইটিসিহ দর উল্লেখ্য করতে হবে।
- কোন কারণবশতঃ দরপত্র আংশিক অথবা সম্পূর্ণ বাতিল হলে অথবা যে কোন পরিবর্তন হলে দরদাতা কোন প্রকার আর্থিক সুবিধা দাবী করতে পারবেন না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র সম্পূর্ণ অথবা আংশিক গ্রহণ কিংবা যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।


প্রতিস্বাক্ষর



২৭.০৮.২০২৪

(প্রফেসর মো. আবু বকর সিদ্দিক)

অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর


২৭/০৮/২৪


২৭/০৮/২০২৪

(মো. আরিফুল হক)

আহ্বায়ক

কৃষি কমিটি (জমি, পুকুর, বাগান ও বৃক্ষায়ণ)
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর